“তুমি যদি চাও, ধৈর্য ধারণ করতে পার। তোমার জন্য আছে জান্নাত। আর তুমি যদি চাও, তাহলে আমি আল্লাহর কাছে দু’আ করি, যেন তোমাকে অরোগ্য করেন”

ইবনু ’আব্বাস রদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, তিনি আতা ইবনু আবু রাবাহকে বলেন: আমি কি তোমাকে একজন জান্নাতী মহিলা দেখাব না? আমি বললামঃ অবশ্যই। তখন তিনি বললেনঃ এই কালো রঙের মহিলাটি, সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসেছিল। তারপর সে বললঃ আমি মৃগী রোগে আক্রান্ত হই এবং এ অবস্থায় আমার লজ্জাস্থান খুলে যায়। সুতরাং আপনি আমার জন্য আল্লাহর কাছে দু’আ করুন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ “তুমি যদি চাও, ধৈর্য ধারণ করতে পার। তোমার জন্য আছে জান্নাত। আর তুমি যদি চাও,
তাহলে আমি আল্লাহর কাছে দু’আ করি, যেন তোমাকে অরোগ্য করেন”। স্ত্রীলোকটি বললঃ আমি ধৈর্য ধারণ করব। সে বললঃ ঐ অবস্থায় আমার লজ্জাস্থান খুলে যায়, কাজেই আল্লাহর নিকট
দু’আ করুন যেন আমার লজ্জাস্থান খুলে না যায়। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
তাঁর জন্য দু’আ করলেন।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা আতা ইবনু আবি রাবাহকে বললেন: আমি কি তোমাকে জান্নাতীদের একজন মহিলা দেখাবো না? আতা' বললেন: হ্যাঁ; তিনি বললেন: এই কৃষ্ণাঙ্গ হাবশী মহিলা নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম -এর কাছে এসে বললেন: আমার এমন একটি রোগ আছে যার ফলে আমার খিঁচুনি হয় এবং আমি বিবস্ত্র হয়ে যাই এবং আমার শরীরের কিছু অংশ আমার অজান্তেই বেরিয়ে আসে। তাই আল্লাহর কাছে দোআ করুন যেন তিনি আমাকে সুস্থ করে তোলেন। তিনি বললেন: যদি তুমি চাও সবর কর, তোমার জন্যে জান্নাত রয়েছে। আর যদি চাও তাহলে আমি তোমার রোগ নিরাময়ের জন্য আল্লাহ তা‘আলার নিকটে দু‘আ করব। তিনি বললেন: তাহলে ধৈর্য ধরো, তারপর সে বলল: তাই আল্লাহর কাছে দোআ করুন যেন আমার খিঁচুন উঠলে বিবস্ত্র না হই, তাই তিনি তার জন্য আল্লাহর কাছে দোআ করলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3160